

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপত্র
www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/২৪৬

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি


বিষয়: ১০১৯তম কমিশন সভা।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব মাসুদ খান এর সভাপতিত্বে ১০১৯তম কমিশন সভা অদ্য ০৭/০৭/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। United Commercial Bank PLC ১০.০০ (দশ) টাকা মূল্যের ৭৭,৫১,৮৭,৯৪৯টি সাধারণ শেয়ার প্রতিটি ১০.০০ টাকা মূল্যে রাইটস শেয়ার হিসেবে ১:২ হারে (২টি বিদ্যমান শেয়ারের বিপরীতে ১টি রাইটস শেয়ার) ইস্যুর মাধ্যমে মোট ৭৭৫,১৮,৭৯,৪৯০/- টাকা মূলধন সংগ্রহের জন্য আবেদন করে। সেই প্রেক্ষিতে কমিশন অদ্য কমিশন সভায় বিষয়টি অনুমোদন করেছে। United Commercial Bank PLC রাইটস শেয়ার ইস্যু থেকে সংগৃহীত অর্থ ব্যাংকের নিয়মিত ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে ব্যবহার করবে।

২। অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদি মিউচুয়াল ফান্ড 'Blue-Wealth First Stable Return Fund'- এর খসড়া প্রসপেক্টাস ও খসড়া প্রসপেক্টাসের সার-সংক্ষেপ (Abridged Version) অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৩০ (ত্রিশ) কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'Blue-Wealth Assets Limited' ৩ (তিন) কোটি টাকা প্রদান করেছে এবং বাকি ২৭ (সাতাশ) কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিজিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছে 'Blue-Wealth Assets Limited'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'Sandhani Life Insurance Company Ltd. (SLIC)' এবং 'Commercial Bank of Ceylon PLC.'

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে


মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র